



## অসমাপ্ত আলোচনা শেষ করতে রাজনৈতিক দলগুলোর সাথে বৈঠকে বসবে ঐকমত্য কমিশন



সংগৃহীত ছবি

রাজনৈতিক দলগুলোর সাথে অসমাপ্ত আলোচনা শেষ করতে দ্বিতীয় পর্যায়ে বৈঠকে বসবে জাতীয় ঐকমত্য কমিশন। আগামী ১৭ জুন থেকে বৈঠক চলবে ১৯ জুন পর্যন্ত। বিএনপি, জামায়াতসহ ৩০টি রাজনৈতিক দল ধাপে ধাপে আলোচনায় অংশগ্রহণ করবে।

আজ ঐকমত্য কমিশনের জনসংযোগ কর্মকর্তা পবন চৌধুরীর স্বাক্ষর করা এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মঙ্গলবার (১৭ জুন) ফরেন সার্ভিস অ্যাকাডেমির দোয়েল হলে সকাল ১১টা নাগাদ রাজনৈতিক দলগুলোর সাথে বৈঠকে বসবে জাতীয় ঐকমত্য কমিশন। বৈঠকে প্রথম ধাপের অসমাপ্ত বিষয়গুলোতে ঐকমত্য হওয়ার জন্য আলোচনা করা হবে বলে জানায় কমিশন।

তবে এইবারের বৈঠকে সংসদে নারী প্রতিনিধি নির্বাচনের প্রক্রিয়া কেমন হওয়া দরকার সে বিষয়ে গুরুত্বারোপ করা হতে পারে। তাছাড়া সংবিধানে ৭০ অনুচ্ছেদ, স্থায়ী কমিটির সভাপতি মনোনয়ন, দিকক্ষবিশিষ্ট সংসদ এবং প্রধান বিচারপতির নিয়োগ প্রক্রিয়ার ব্যাপারে যেসব দ্বিমত রয়েছে সেসব ইস্যুতে ঐকমত্যের ওপর আলোচনা করা হবে। ১৭, ১৮ ও ১৯ জুন পর্যায়ক্রমে ৩০টি রাজনৈতিক দলগুলোর সাথে বৈঠকে বসবে জাতীয় ঐকমত্য কমিশন।

তার আগে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে ৩ জুন রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় ধাপের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। জাতীয় ঐকমত্য কমিশনের প্রধান এবং অন্তর্বর্তী সরকার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এই বৈঠকের উদ্বোধন করেন।